দৈনিক
ইত্তেফাক

তাং 04 JUL 2016
পৃষ্ঠা ৬ কলাম ২

# শিক্ষা অফিসের অবহেলায় ফেরত গেল ৪৭ লাখ টাকা!

■ হরিণাকুণ্ড (ঝিনাইদহ) সংবাদদাতা

ঝিনাইদহের হরিণাকুণ্ড উপজেলা শিক্ষা অফিস ও এলজিইডির অবহেলায় ফেরত গেল ২০১৫-১৬ অর্থ বছরে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের জন্য বরাদ্দকৃত ক্ষুদ্র মেরামত ও সরমঞ্জামাদি ক্রয়ের ৪৭ লাখ টাকা। উপজেলা শিক্ষা অফিস সূত্রে জানা যায়, ২০১৬ সালে শিক্ষা মন্ত্রণালয়ের পক্ষ থেকে উপজেলার ৩৩টি বিদ্যালয়ে ১ লাখ টাকা, কোনো কোনো স্কুলে ১৯ হাজার এবং ৫ হাজার টাকা করে সব মিলে মোট ১২৫টি স্কুলে ৪৭ লাখ টাকা বরাদ্দ দেওয়া হয়। কিন্তু উপজেলা শিক্ষা অফিস সময়মত স্কুলের তালিকা ও কাজের বিবরণ না দেওয়ায় এবং উপজেলা প্রকৌশল অফিস সময়মত কাজ সম্পাদন করতে না পারায় সব টাকা, মন্ত্রণালয়ে ফেরত গেছে। নাম প্রকাশে অনিচ্ছুক কয়েকজন প্রধান শিক্ষক জানান, ১ লাখ টাকা বরাদ্দকৃত স্কুলে বিল করাতে ১০ হাজার টাকা দিতে রাজি না হওয়ায় উপজেলা শিক্ষা অফিস কাজে অবহেলা করে। এর ফলশ্রুতিতে এই টাকা ফেরত গেছে। উপজেলার নিত্যানন্দপুর প্রাথমিক বিদ্যালয়, শাখারীদহ প্রাথমিক বিদ্যালয়, দড়িবিন্নি প্রাথমিক বিদ্যালয়সহ বেশকিছু প্রাথমিক বিদ্যালয় মৌখিক সম্মতি পেয়ে ৫০ থেকে ৬০ হাজার টাকার কাজ করেছে। এখন তারা বরাদ্দ না পেয়ে বিপদে পড়েছেন।

এ প্রসঙ্গে উপজেলা ভারপ্রাপ্ত শিক্ষা কর্মকর্তা মনোয়ার হোসেন রঞ্জু বলেন, আমরা যথাসময়ে কাজের তালিকা এবং বিবরণ দিলেও উপজেলা প্রকৌশলী অফিস তা সম্পাদন করতে পারেনি। তাই এ দায়ভার আমাদের না। অপরদিকে এলজিইডি'র নির্বাহী প্রকৌশলী বিকাশ চন্দ্র নন্দী বলেন, আমি সময়মত উপজেলা শিক্ষা অফিস থেকে কাজের বিবরণী না পাওয়ায় কাজগুলো করতে পারিনি। তিনি আরও বলেন, শিক্ষা অফিসের অভ্যন্তরীণ কোন্দলের কারণে এটা হয়েছে। উপজেলার ভুক্তভোগী শিক্ষকরা এই অনিয়মের তীব্র নিন্দা জানিয়েছেন।